

শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

রংপুর

প্রশ্ন: ভারুয়াল মাধ্যমে কোন ব্যক্তি বা সেলিব্রিটি তার পরিচয় দিয়ে ভিডিও কলে কথা বলতে চাইলে তার সাথে কথা বলা উচিত হবে কিনা?

উত্তরঃ কেবল পরিচিত প্রিয়জনদের সঙ্গেই ভিডিও কলে কথা বলা উচিত। অচেনা বা অনলাইনে হঠাৎ পরিচিত হওয়া করণ সঙ্গে ভিডিও চ্যাট থেকে বিরত থাকা। এমন কিছু বলা বা করা উচিত নয় যা পরবর্তী সময়ে প্রকাশ হলে আপনার ক্ষতির আশংকা আছে।

ভিডিও চ্যাট থেকে তৈরি হওয়া সমস্যাগুলোর একটি বড় অংশ হলো, অপর প্রান্তের ব্যক্তি ভিডিও রেকর্ড করছে কি না। আনন্দ বা আবেগের বশে একান্ত ব্যক্তিগত বা বিশেষ মুহুর্তে করা ভিডিও কলগুলো অনেকেই রেকর্ড করে থাকে। ভুলে, অসাবধানতাবশত বা ব্যক্তিগত আক্রোশের ফলে সেগুলো কখনো কখনো ছড়িয়ে যায় ওয়েবে অনাকাঙ্ক্ষিত ব্যক্তিদের মধ্যে। এতে সামাজিকভাবে সম্মানহানি হওয়ার ঘটনাও শোনা যায়। এক্ষেত্রে কোন সেলিব্রিটি অথবা অন্য কোন ব্যক্তির সাথে ভিডিও কলে কথা বলতে ইচ্ছে হলে যথাযথ সতর্কতা অবলম্বন করতে হবে।

প্রশ্নঃ পর্নোগ্রাফিক্যাল সাইটগুলোকে স্থায়ী ভাবে বন্ধ করা যায় কিনা?

উত্তরঃ দেশে পর্নো ওয়েবসাইট বন্ধে একাধিকবার উদ্যোগ নেওয়া হলেও এসব সাইট পুরোপুরি বন্ধ করা সম্ভব হয়নি। কিছুদিনের জন্য বন্ধ করা গেলেও পরবর্তীতে সাইটগুলো সচল হয়ে যায়। গত ৮ বছর ধরে সরকারের একটি মন্ত্রণালয় সক্রিয়ভাবে উদ্যোগ নিয়ে পর্নো সাইট বন্ধের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। পর্নো সাইট বন্ধ করতে না পারার পেছনে প্রযুক্তিগত সক্ষমতার অভাবও একটি বড় কারণ বলে জানা গেছে। সংশ্লিষ্টরা বলছেন, পর্নো সাইট কারিগরিভাবে শতভাগ বন্ধ করা সম্ভব নয়। তবে ৯০ ভাগ বন্ধ করা সম্ভব। শতভাগ বন্ধের চেষ্টা করাও উচিত নয়। তাহলে সে চেষ্টা ব্যর্থও হতে পারে।

মূল বিষয়টি হলো আমাদের দেশে যদি পর্নোগ্রাফি সাইট থাকতো তাহলে তা বন্ধ করা যেত বা সম্ভব হতো। কিন্তু সমস্যা হলো ইউটিউবে। এখন পর্নোগ্রাফির বড় সোর্স হলো ইউটিউব। ইউটিউবে বন্ধ করা কঠিন। ইউটিউবের এ ধরনের কনটেন্ট আমাদের কমিউনিটি স্ট্যান্ডার্ডের সঙ্গে যায় না। সরকার ফেসবুকের সঙ্গে যেমন আইস ব্রেকিংয়ের জায়গায় যেতে পেরেছে, তাদেরকে কিছু শুনতে বা করতে বাধ্য করতে পেরেছে তেমনি ইউটিউবের সঙ্গে করতে পারলে পর্নোগ্রাফিও নিয়ন্ত্রণে আনতে পারা যাবে।

অক্টোবরের মধ্যে দেশে ইউটিউবের অফিস চালু হচ্ছে। অফিস চালুর পরে এই বিষয়ে সরকার ইউটিউবের সঙ্গে কথা বলবেন। আগামী নভেম্বরে টেলিযোগাযোগ বিভাগ থেকে একটা প্রকল্প চালু হতে যাচ্ছে। ওই প্রকল্প চালু হলে স্থায়ীভাবে এসব সাইট বন্ধ করা সম্ভব হবে।